গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২২.১৫৬.১৭-

তারিখঃ /১৪২৮ ব:।
/২০২১ খ্রি.।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (স্টেশন স্থাপন) নীতিমালা-২০২১ সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ১৬/১১/২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০৫৩.২২.০০৩.২১-৫১নং স্মারকমূলে প্রণীত হয়েছে। উক্ত নীতিমালাটি পৃষ্ঠাংকন করত পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৫ (পাঁচ) ফর্দ।

স্বাক্ষরিত/-
ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক
ফোনঃ ২২৩৩৮৩৬১৪

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২২.১৫৬.১৭- ১১৭৬৭

তারিখঃ ১৭/৮ /১৪২৮ ব:
০২/১২ /২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (প্রশাসন ও অর্থ)/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ/১৫৬ প্রকল্প/২৫(সংশোধিত-৪৬) প্রকল্প/মর্ডাণাইজেশন প্রকল্প/সেফার প্রকল্প/ডুবুরি সম্প্রসারণ প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২) উপপরিচালক (অপাঃ ও মেইনঃ/উন্নয়ন/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৫) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/উন্নয়ন/প্রশিক্ষণ/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স..........................(সকল) [অনুমোদিত নীতিমালাটি আওতাধীন দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো]।
৭) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ঢাকা।
৮) সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স..............................(সকল)।
১০) ফোরম্যান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.........................................(সকল)।
১১) সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
১৩) অত্র অধিদপ্তরের, প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/তদন্ত/ছুটি/বাসা বরাদ্দ/পত্রগ্রহণ ও বিতরণ/রেকর্ড/অ্যাম্বুলেন্স/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/বেতার শাখা/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ সেল/ ফায়ার সেফটি সেল/এইচ আর এম ডাটা/আইসিটি সেল/মিডিয়া সেল/গার্ড ফাইল/মাষ্টার গার্ড ফাইল (প্রস্তাবিত প্রকল্পের অধীনে স্টেশনে জমি নির্বাচন, জমির পরিমান নির্ধারণ, সাজ-সরঞ্জামের পরিমান নির্নয়, শ্রেণি নির্ধারণসহ ডিপিপি প্রণয়নকালে অনুমোদিত নীতিমালাটি যথাযথ ভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ জানানো হলো)।

০২/১২/২০২১

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ২২৩৩৮৭৬৪০

মহা-পরিচালকের কার্যালয়
গ্রহণ নং ৪৯৬৭
তাং ২৫/১১/২১
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

গণপজাতন্ত্রী বালাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি-২ শাখা
www.ssd.gov.bd

**নীতিমালা**

নং-৫৮.০০.০০০০.০৫৩.২২.০০৩.২১- ৫১

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৮
১৬ নভেম্বর ২০২১

যেহেতু অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩-এর ৩(১)ধারায় "দেশের যে এলাকায় এই আইন কার্যকর হইবে সেই এলাকার জন্য সরকার এক বা একাধিক অগ্নি নির্বাপণ ব্রিগেড সংরক্ষণ করিবে।" ও ৩(২) ধারায় "প্রতিটি ব্রিগেডের জন্য অগ্নি নির্বাপণী গাড়ি, পাম্প, জিপ, মোটরকার, অ্যাম্বুলেন্স ইত্যাদির সংখ্যা ও অন্যান্য সরঞ্জামাদির পরিমাণ এবং ব্রিগেডের সদস্য সংখ্যা সরকার কর্তৃক সময় সময় সরকারি আদেশ দ্বারা নির্ধারিত হইবে; তবে শর্ত থাকে যে ক্ষেত্রমত বিভিন্ন এলাকার জন্য ব্রিগেডের সরঞ্জামাদি ও উহার সদস্য সংখ্যা কম বেশী হইতে পারে।" এবং

যেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১২ শাখার ০৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০০২.১২-৫৫ নং স্মারকমূলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করার লক্ষ্যে যথাযথ পদ্ধতি অনুসরণ করে নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন;

সেহেতু Rule of Business, 1996 এর Rule 4(ix) এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল, যথা:-

**১. শিরোনাম:** এই নীতিমালা **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (স্টেশন স্থাপন) নীতিমালা ২০২১** নামে অভিহিত হইবে।

**২. লক্ষ্য ও উদ্দেশ্য:** ফায়ার স্টেশন স্থাপন, স্টেশনের শ্রেণি নির্ধারণ, শ্রেণি পরিবর্তন, সক্ষমতা নির্ধারণ, স্থান নির্বাচন এবং ভৌত অবকাঠামোর ধরন ইত্যাদি নির্দিষ্টকরণের লক্ষ্যে একটি নীতিমালা থাকা প্রয়োজন বিধায় এই নীতিমালা প্রণয়ন করা হইলো।

**৩. প্রয়োগ ও প্রবর্তন:**

৩.১ এই নীতিমালা সমগ্র দেশব্যাপী প্রযোজ্য হইবে;

৩.২ ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে;

৩.৩ ফায়ার স্টেশন স্থাপন, স্টেশনের শ্রেণি নির্ধারণ, শ্রেণি পরিবর্তন, সক্ষমতা নির্ধারণ, স্থান নির্বাচন ও ভৌত অবকাঠামোর ধরন ইত্যাদি ক্ষেত্রে এই নীতিমালা অনুসৃত হইবে;

৩.৪ এই নীতিমালা একটি সাধারণ গাইডলাইন হিসাবে বিবেচিত হইবে এবং অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩-এর কোন ধারাকে বাধাগ্রস্ত করিবে না।

**৪. সংজ্ঞা:-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়,-

৪.১ 'নীতিমালা' বলিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন নীতিমালা;

৪.২ 'অধিদপ্তর' বলিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ এর ধারা ২(ক)-তে বর্ণিত অধিদপ্তর;

৪.৩ 'ফায়ার স্টেশন' বলিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মাঠ পর্যায়ের ইউনিটসমূহ;

৪.৪ 'শ্রেণি' বলিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের শ্রেণি;

৪.৫ 'মেজানাইন ফ্লোর' বলিতে দুইটি গৃহতলের মধ্যবর্তী উচ্চতা সম্পন্ন ফ্লোরকে বুঝাইবে;

৪.৬ 'প্লিন্থ এরিয়া' বলিতে কোনো ভবনের পিলার (খুঁটি) দ্বারা সীমাবদ্ধ ভূমির ক্ষেত্রফলকে বুঝাইবে;

৪.৭ 'CBRN' বলিতে কেমিক্যাল (C), বায়োলজিক্যাল (B), রেডিওলজিক্যাল (R) ও নিউক্লিয়ার (N) এর সংক্ষিপ্ত রূপ;

৪.৮ 'কেপিআই' বলিতে কেপিআইডিসি কর্তৃক নির্ধারিত ও তালিকাভুক্ত প্রতিষ্ঠান/ কারখানা/ জনস্বার্থে ব্যবহৃত স্থাপনাকে বুঝাইবে;

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪.৯ 'বহুতল ভবন' বলিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ এর ধারা ২(জ)-তে বর্ণিত বহুতল ভবন;

৪.১০ 'বাণিজ্যিক ভবন' বলিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ এর ধারা ২(জ)-তে বর্ণিত বাণিজ্যিক ভবন।

**৫. ফায়ার স্টেশনের শ্রেণি নির্ধারণ:**

৫.১ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নিম্নবর্ণিত যে কোনো শ্রেণির ফায়ার স্টেশন হিসাবে অন্তর্ভুক্ত হইবে;

৫.১.১ "এ" শ্রেণির ফায়ার স্টেশন
৫.১.২ "বি" শ্রেণির ফায়ার স্টেশন
৫.১.৩ "স্থল-কাম-নদী" শ্রেণির ফায়ার স্টেশন
৫.১.৪ "বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশন

৫.২ প্রস্তাবিত ফায়ার স্টেশনের শ্রেণি নির্ধারণে স্টেশনের ভৌগলিক অবস্থানগত কারণে সম্ভাব্য দুর্যোগ ঝুঁকি, স্টেশনের আওতাধীন এলাকার স্থাপনার ধরন ও ব্যবহার ভিত্তিক ঝুঁকি, বিগত ৫ বছরে সংঘটিত অগ্নিকান্ড ও দুর্ঘটনার সংখ্যা, যোগাযোগ ব্যবস্থা, আওতাধীন এলাকায় বসবাসকারীর সংখ্যা, শিল্পায়নের বর্তমান অবস্থা, সরকারের ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা, নিকটবর্তী ফায়ার স্টেশনের দূরত্ব ইত্যাদিকে সূচক হিসাবে বিবেচনা করা হইবে;

৫.৩ 'মডার্ণ ফায়ার স্টেশন' হিসাবে প্রস্তাবিত ফায়ার স্টেশনসমূহ প্রকল্প সমাপনান্তে ৫.১.৪ এ বর্ণিত 'বিশেষ শ্রেণি'র অন্তর্ভুক্ত হইবে;

**৬. বিদ্যমান ফায়ার স্টেশনের শ্রেণি উন্নীতকরণ/ শ্রেণি পরিবর্তন:**

৬.১ বিদ্যমান ফায়ার স্টেশনের শ্রেণি উন্নীতকরণে স্টেশনটির আওতাধীন এলাকার ঝুঁকি বৃদ্ধি, আওতাধীন এলাকার জনঘনত্ব বৃদ্ধি, সরকারের উন্নয়ন পরিকল্পনার সম্প্রসারণ ইত্যাদি বিবেচনা করিতে হইবে;

৬.২ বিদ্যমান ফায়ার স্টেশনের শ্রেণি উন্নীতকরণে স্টেশনটির আওতাধীন এলাকার বিগত ০৫ বছরে সংঘটিত অগ্নিকান্ড ও দুর্ঘটনাকে পর্যালোচনা করিতে হইবে;

৬.৩ উপবিধি ৬.২ এ আরোপিত শর্ত পর্যালোচনার ক্ষেত্রে অগ্নিকান্ড ও দুর্ঘটনার ন্যূনতম ৫% ক্রমবৃদ্ধি বিবেচনা করা যাইবে;

৬.৪ নাগরিক সেবার মানোন্নয়নের লক্ষ্যে সরকার অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩-এর ৩(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যমান "সি" শ্রেণির সকল ফায়ার স্টেশনকে "বি" শ্রেণির ফায়ার স্টেশনে উন্নীত করার ক্ষমতা সংরক্ষণ করিবে;

৬.৫ নদীর গতি পরিবর্তন, ঝুঁকির ধরণ পরিবর্তন, সরকারের উন্নয়ন পরিকল্পনায় পরিবর্তন ইত্যাদি কারণে বিদ্যমান যে কোনো ফায়ার স্টেশনের শ্রেণি পরিবর্তনের আবশ্যকতা দেখা দিলে সরকারের অনুমোদনক্রমে তা করা যাইবে;

৬.৬ "নদী" শ্রেণির যে সকল ফায়ার স্টেশনের সাথে সড়ক সংযোগ রয়েছে সে সকল স্টেশন ১০.৩-এ বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে "স্থল কাম নদী" শ্রেণিতে উন্নীত করিতে হইবে।

**৭. ফায়ার স্টেশনের সক্ষমতা:**

৭.১ জনবল:

৭.১.১ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের শ্রেণিভিত্তিক জনবল এই নীতিমালার তফসিল-১ এ বর্ণিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে;

৭.১.২ ফায়ার স্টেশনের নিয়মিত কার্যক্রমের ব্যত্যয় না ঘটাইয়া ভিভিআইপি ডিউটি, টহল ডিউটি, মেলা বা প্রর্দশনীতে অগ্নি নিরাপত্তা প্রদান, অগ্নিঝুঁকির সার্ভে ও সুপারিশ, মেডিক্যাল ফার্স্ট রেসপন্ডার, ল্যান্ড স্লাইড রেসপন্স, রেপটাইল এন্ড ইনসেক্টিসাইড কন্ট্রোল, ক্রাউড কন্ট্রোল, সারফেস ওয়াটার রেসকিউ, হ্যাজমেট ইউনিট, ইনভেস্টিগেশন ইউনিট, সার্চ এন্ড রেসকিউ ইউনিট ইত্যাদি ক্ষেত্রে উন্নত নাগরিক সেবা নিশ্চিতকল্পে যুক্তিসংগতভাবে অতিরিক্ত জনবলের পদ সৃজনের প্রস্তাব করা যাইবে;

৭.১.৩ দফা ৭.১.২ এ বর্ণিত অতিরিক্ত জনবলের পদ স্টেশনের জনবল কাঠামোর অতিরিক্ত হিসাবে বিবেচিত হইবে এবং সরাসরি জেলা কর্মকর্তার (সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক) অধীন ইউনিট হিসাবে টিওএন্ডইতে অন্তর্ভুক্ত হইবে;

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৭.২ সাজসরঞ্জাম:

৭.২.১ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে সাজসরঞ্জামের নিয়মিত সংখ্যা সাধারণত এই নীতিমালার তফসিল-২ এ বর্ণিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে; তবে-

৭.২.১.১ অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩-এর ৩(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার যে কোনো ফায়ার স্টেশনের আওতাধীন এলাকার ঝুঁকি অনুযায়ী ৭.২.১-এ প্রস্তাবিত সাজসরঞ্জামের সংখ্যা কম বেশি করিতে পারিবে;

৭.২.১.২ শ্রেণি উন্নীত হইলে কোনো ফায়ার স্টেশনের সাজসরঞ্জামের সংখ্যা উন্নীত শ্রেণি অনুযায়ী পুনর্বিন্যস্ত হইবে;

**৮. ফায়ার স্টেশনের স্থান নির্বাচন ও জমির পরিমাণ নির্ধারণ:**

৮.১ প্রস্তাবিত ফায়ার স্টেশনের স্থান নির্বাচনের ক্ষেত্রে যে সকল সাধারণ বিষয়াবলি বিবেচনা করিতে হইবে সেইগুলি হইল-

৮.১.১ ফায়ার স্টেশন স্থাপনের উদ্দেশ্য পূরণকল্পে প্রস্তাবিত স্থানটি যতদুর সম্ভব উপজেলা সদর/ জনগুরুত্বপূর্ণ স্থানের সন্নিকটে হইতে হইবে;

৮.১.২ কার্যকর যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে;

৮.১.৩ নদী ভাংগনমুক্ত এলাকায় হইতে হইবে;

৮.১.৪ পুকুর, ডোবা ও নিচু জায়গাকে নিরুৎসাহিত করিতে হইবে;

৮.১.৫ যে সকল শ্রেণির ভূমি ব্যবহারে আইনগত বিধিনিষেধ আছে সে সকল শ্রেণির ভূমি নির্বাচন নিরুৎসাহিত করিতে হইবে;

৮.১.৬ স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত সরকারের অন্য যেই সকল বিধি-বিধান রহিয়াছে সেই সকল বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে ফায়ার স্টেশনের স্থান নির্বাচন করিতে হইবে;

৮.২ প্রস্তাবিত 'স্থল কাম নদী' ফায়ার স্টেশনের জন্য নদী তীরবর্তী এমন স্থান নির্বাচন করিতে হইবে যাহাতে-

৮.২.১ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত অভ্যন্তরীণ জলপথ ও তীরভূমিতে স্থাপনাদি নিয়ন্ত্রণ বিধিমালা ২০১০ সহ অন্যান্য বিধি-বিধান প্রতিপালন হয়;

৮.২.২ পল্টুন সংরক্ষণ ও ঘাট স্থাপনের পর্যাপ্ত সুবিধা থাকে;

৮.২.৩ ফায়ার স্টেশনের জন্য নির্ধারিত ভূমি ও নদীর জলভাগের মাঝে অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বা বন্দর (সমুদ্র) কর্তৃপক্ষ ব্যতীত অন্য কাহারো ভূমি না থাকে;

৮.২.৪ প্রস্তাবিত ফায়ার স্টেশনের জন্য নির্ধারিত ভূমি ও নদীর জলভাগের মাঝে অবস্থিত ভূমি ব্যবহারে অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বা বন্দর (সমুদ্র) কর্তৃপক্ষের সম্মতি থাকে;

৮.২.৫ প্রস্তাবিত ভূমির নদী প্রান্ত হইতে নদীর জলসীমার দূরত্ব জোয়ারের সময় সর্বোচ্চ ২৫ মিটার এবং ভাটার সময় সর্বোচ্চ ৪০ মিটারের অধিক না হয়;

৮.২.৬ স্টেশনটির সাথে পাকা ও স্থায়ী রাস্তার সংযোগ থাকে;

৮.৩ বিশেষ রপ্তানি অঞ্চল, বিশেষ অর্থনৈতিক অঞ্চল, বিমানবন্দর, মেগা স্থাপনা (কেমিক্যাল/ বায়োলজিক্যাল/রেডিওলজিক্যাল/নিউক্লিয়ার প্রকল্পসহ) প্রকল্পে ফায়ার স্টেশনের স্থান নির্ধারণের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের নকশা চূড়ান্তকরণের পূর্বেই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহিত পরামর্শ করিবে।

৮.৪ প্রস্তাবিত ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণে চাহিত নূন্যতম ভূমির পরিমাণ এই নীতিমালার তফসিল-৩ এ বর্ণিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে;

৮.৫ প্রস্তাবিত ফায়ার স্টেশনের অবকাঠামোটি লবনাক্ত এলাকায় নির্মিত হইলে-

৮.৫.১ উক্ত স্টেশনে দৈনন্দিন কাজের জন্য 'রেইন ওয়াটার হারভেস্টিং' প্রযুক্তি ব্যবহারকে অগ্রাধিকার দিতে হইবে;

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৮.৫.২ অগ্নিকান্ডে ব্যবহারের প্রয়োজন মিটাইবার নিমিত্ত পুকুর খনন/সংরক্ষণ করিবার আবশ্যকতা থাকিলে তফসিল-৩ এ বর্ণিত পরিমাণের অতিরিক্ত ০.৫০ একর জমির সংস্থান রাখিতে হইবে;

## ৯. প্রস্তাবিত ফায়ার স্টেশনের ভৌত অবকাঠামো:

### ৯.১ 'এ' শ্রেণির ফায়ার স্টেশনের ভৌত অবকাঠামো:

৯.১.১ বজ্রপাত নিরোধক ব্যবস্থাদিসহ ন্যূনতম ০৪ (চার) তলা বিশিষ্ট ভবন স্থাপন করিতে হইবে;

৯.১.২ ভবনের নীচতলায় ২৫০০ বর্গফুট আয়তনের গ্যারেজ থাকিবে;

৯.১.৩ ভবনের নীচতলার (গ্যারেজ) ন্যূনতম উচ্চতা হইবে ২০ ফুট; নীচতলার গ্যারেজের দু'পাশে ১০ ফুট উচ্চতার মেজানাইন ফ্লোর থাকিবে;

৯.১.৪ ভবনটির মেজানাইন ফ্লোরে অফিস, মিনি কন্টোল রুম ও সেমিনার কক্ষ, ২য় তলায় ব্যারাক, ৩য় তলায় কর্মকর্তার আবাসিক কোয়ার্টার থাকিবে;

৯.১.৫ ভবনটির গ্রাউন্ড ফ্লোরের প্লিন্থ এরিয়া তফসিল-৪ এ উল্লিখিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে;

৯.১.৬ পরবর্তী শ্রেণিতে উন্নীত হইলে যেনো গ্যারেজ, অফিস ও ব্যারাকের প্রয়োজনীয় পরিবর্ধন করা যায় সেই ব্যবস্থা বিবেচনা করিয়া নকশা করিতে হইবে;

### ৯.২ 'বি' শ্রেণির ফায়ার স্টেশনের ভৌত অবকাঠামো:

৯.২.১ বজ্রপাত নিরোধক ব্যবস্থাদিসহ ন্যূনতম ০৩ (তিন) তলা ভবন স্থাপন করিতে হইবে;

৯.২.২ 'এ' শ্রেণিতে উন্নীত হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে উর্ধ্বমুখী সম্প্রসারণের সুবিধা বিবেচনায় ভবনটি ন্যূনতম ০৪ (চার) তলা ভিত বিশিষ্ট হইবে;

৯.২.৩ ভবনের নীচতলায় ১৮০০ বর্গফুট আয়তনের গ্যারেজ থাকিবে;

৯.২.৪ ভবনের নীচতলার (গ্যারেজ) ন্যূনতম উচ্চতা হইবে ২০ ফুট; নীচতলার গ্যারেজের দু'পাশে ১০ ফুট উচ্চতায় মেজানাইন ফ্লোর থাকিবে;

৯.২.৫ মেজানাইন ফ্লোরে অফিস ও সেমিনার কক্ষ, ২য় তলায় ব্যারাক, ৩য় তলায় কর্মকর্তার আবাসিক কোয়ার্টার থাকিবে;

৯.২.৬ ভবনটির গ্রাউন্ড ফ্লোরের প্লিন্থ এরিয়া তফসিল-৪ এ উল্লিখিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে;

৯.২.৭ পরবর্তী শ্রেণিতে উন্নীত হইলে যেনো গ্যারেজ, অফিস ও ব্যারাকের প্রয়োজনীয় পরিবর্ধন করা যায় সেই ব্যবস্থা বিবেচনা করিয়া নকশা করিতে হইবে;

### ৯.৩ 'স্থল কাম নদী' শ্রেণির ফায়ার স্টেশনের ভৌত অবকাঠামো:

৯.৩.১ বজ্রপাত নিরোধক ব্যবস্থাদিসহ ন্যূনতম ০৩ (তিন) তলা বিশিষ্ট ভবন স্থাপন করিতে হইবে;

৯.৩.২ ভবনের নীচতলায় ১৮০০ বর্গফুট আয়তনের গ্যারেজ থাকিবে;

৯.৩.৩ ভবনের নীচতলার (গ্যারেজ) ন্যূনতম উচ্চতা হইবে ২০ফুট; নীচতলার গ্যারেজের দু'পাশে ১০ ফুট উচ্চতার মেজানাইন ফ্লোর থাকিবে;

৯.৩.৪ ভবনটির মেজানাইন ফ্লোরে অফিস, মিনি কন্টোল রুম ও সেমিনার কক্ষ, ২য় তলায় ব্যারাক, ৩য় তলায় কর্মকর্তার আবাসিক কোয়ার্টার থাকিবে;

৯.৩.৫ পল্টুন/জলযান সংরক্ষণের জন্য নৌ পরিবহন মন্ত্রণালয় বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাদ্দ/ছাড়পত্রসহ স্থায়ী ঘাট থাকিবে;

৯.৩.৬ ভবনটির গ্রাউন্ড ফ্লোরের প্লিন্থ এরিয়া তফসিল-৪ এ উল্লিখিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে।

### ৯.৪ "বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশনের ভৌত অবকাঠামো:

৯.৪.১ বজ্রপাত নিরোধক ব্যবস্থাদিসহ ন্যূনতম ০৪ (চার) তলা বিশিষ্ট ভবন স্থাপন করিতে হইবে;

৯.৪.২ ভবনের নীচতলায় ৪৫০০ বর্গফুট আয়তনের গ্যারেজ থাকিবে;

৯.৪.৩ ভবনের নীচতলার (গ্যারেজ) ন্যূনতম উচ্চতা হইবে ২০ ফুট; নীচতলার গ্যারেজের দু'পাশে ১০ ফুট উচ্চতার মেজানাইন ফ্লোর থাকিবে;

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৯.৪.৪ ভবনটির মেজানাইন ফ্লোরে অফিস, মিনি কন্টোল রুম ও সেমিনার কক্ষ, ২য় তলায় ব্যারাক, ৩য় তলায় কর্মকর্তার আবাসিক কোয়ার্টার থাকিবে;

৯.৪.৫ ভবনটির গ্রাউন্ড ফ্লোরের প্লিন্থ এরিয়া তফসিল-৪ এ উল্লিখিত সারণী অনুযায়ী নির্ধারিত হইবে।

৯.৫ প্রতিটি স্টেশন ভবন ন্যূনতম ০৮ মাত্রার ভূমিকম্প সহনের সক্ষমতাসহ অভিঘাতসহনশীল এবং টেকসই প্রযুক্তিতে তৈরি করিতে হইবে।

৯.৬ প্রস্তাবিত ফায়ার স্টেশনের অবকাঠামোটি লবনাক্ত এলাকায় নির্মিত হইলে স্টেশনের পূর্ত কাজ সম্পাদন ও সাজসরঞ্জাম সংগ্রহের ক্ষেত্রে লবনাক্ততা প্রতিরোধী/লবনাক্ততা সহিষ্ণু প্রযুক্তি নিশ্চিত করিতে হইবে।

৯.৭ প্রতিটি স্টেশন ভবনে সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানি ব্যবহারকে উৎসাহিত করিতে হইবে।

**১০. প্রস্তাবিত ফায়ার স্টেশন স্থাপনের শর্তাদি:**

১০.১ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের ক্ষেত্রে স্টেশনটি **'এ'** শ্রেণির ফায়ার স্টেশন হইবে, যদি-

১০.১.১ ফায়ার স্টেশনটি জেলা সদরে অবস্থিত হয়; অথবা

১০.১.২ ফায়ার স্টেশনটি উপকূলীয় দুর্যোগ প্রবণ এলাকায় অবস্থিত হয়; অথবা

১০.১.৩ ফায়ার স্টেশনটি ভূমিকম্প ঝুঁকিপ্রবণ এলাকায় অবস্থিত হয়; অথবা

১০.১.৪ ফায়ার স্টেশনটি ভূমিধস প্রবণ এলাকায় অবস্থিত হয়; অথবা

১০.১.৫ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ০৫-০৮ সংখ্যক কেপিআই থাকে; অথবা

১০.১.৬ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ০৩-০৫ লক্ষ বসবাসকারী থাকে; অথবা

১০.১.৭ ফায়ার স্টেশনটি এ রকম প্রত্যন্ত/দুর্গম/জনবিচ্ছিন্ন এলাকায় হয় যেখানে অন্য কোন ফায়ার স্টেশনের সাহায্য পাওয়া অধিক সময়সাপেক্ষ; অথবা

১০.১.৮ ফায়ার স্টেশনটির আওতাধীন এলাকা ১০০ বর্গ কিলোমিটার বা তার অধিক হয়; অথবা

১০.১.৯ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ১৫ হইতে ২৪ টি বহুতল ভবন থাকে; অথবা

১০.১.১০ ফায়ার স্টেশনটির ৪০কি.মি. ভ্রমন দূরত্বে অন্য কোন স্টেশন না থাকে।

১০.২ . প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের ক্ষেত্রে স্টেশনটি **'বি'** শ্রেণির হইবে**,** যদি-

১০.২.১ ফায়ার স্টেশনটি উপজেলা সদরে অবস্থিত হয়; অথবা

১০.২.২ যদি নিকটবর্তী ফায়ার স্টেশনের ভ্রমন দূরত্ব (Travel distance) ২০(বিশ) মিনিট বা অনূন্য ২০ (বিশ) কি.মি. হয়; অথবা,

১০.২.৩ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ০৪ বা তদনিম্ন কেপিআই থাকে; অথবা,

১০.২.৪ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় বসবাসকারী জনসংখ্যা ০৩ লক্ষের মধ্যে সীমাবদ্ধ থাকে; অথবা,

১০.২.৫ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকা ১০০ বর্গ কিলোমিটারের নিম্নে হয়; অথবা

১০.২.৬ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় অনূর্ধ্ব ১৪ টি বহুতল ভবন থাকে।

১০.৩ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের ক্ষেত্রে স্টেশনটি **'স্থল কাম নদী'** শ্রেণির হইবে, যদি-

১০.৩.১ ফায়ার স্টেশনটির আওতাধীন এলাকায় কোন নদী বন্দর থাকে; অথবা

১০.৩.২ ফায়ার স্টেশনটি কোন নদী বন্দর এলাকায় অবস্থিত হয় ; অথবা

১০.৩.৩ ফায়ার স্টেশনটির অধিক্ষেত্র কোন সমুদ্র বন্দর হয়; অথবা

১০.৩.৪ ফায়ার স্টেশনটি কোন সমুদ্র বন্দরের ঘোষিত এলাকার মধ্যে অবস্থিত হয়; অথবা

১০.৩.৫ ফায়ার স্টেশনটির আওতাধীন নৌ এলাকায় কোন কেপিআই থাকে; অথবা

১১/১১/২০২১

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১০.৩.৬ ফায়ার স্টেশনটির আওতাধীন নৌ-এলাকায় কোন ভাসমান বিদ্যুৎ কেন্দ্র বা জ্বালানী শোধনাগার থাকে; অথবা

১০.৩.৭ ফায়ার স্টেশনটি আকস্মিক বন্যা (Flash Flood) প্রবণ এলাকায় অবস্থিত হয়; অথবা,

১০.৩.৮ ফায়ার স্টেশনটির অধিক্ষেত্র কোন হাওড় এলাকা হয়;

১০.৪ প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের ক্ষেত্রে স্টেশনটি **'বিশেষ'** শ্রেণির ফায়ার স্টেশন হইবে, যদি-

১০.৪.১ ফায়ার স্টেশনটি বিভাগীয় সদরে অবস্থিত হয়, অথবা

১০.৪.২ ফায়ার স্টেশনটির আওতাধীন এলাকায় বিশেষ অর্থনৈতিক অঞ্চল থাকে; অথবা,

১০.৪.৩ ফায়ার স্টেশনটির আওতাধীন এলাকায় বিশেষ ঝুঁকিপূর্ণ অঞ্চল (CBRN ঝুঁকি) থাকে; অথবা

১০.৪.৪ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ০৮ এর অধিক কেপিআই থাকে; অথবা

১০.৪.৫ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ০৫ লক্ষের অধিক বসবাসকারী থাকে; অথবা

১০.৪.৬ ফায়ার স্টেশনের আওতাধীন এলাকায় ২৫ বা তদূর্ধ্ব সংখ্যক বহুতল ভবন থাকে; অথবা

১০.৪.৭ ফায়ার স্টেশনটির আওতাধীন এলাকায় বিশেষ রপ্তানি অঞ্চল থাকে।

১০.৫ সরকার যেই স্থানে মনে করিবে সেই স্থানে উপানুচ্ছেদ ১০.১, ১০.২, ১০.৩ ও ১০.৪ এ বর্ণিত এলাকা ব্যতীত যে কোনো এলাকায়/স্থানে যে কোনো শ্রেণির ফায়ার স্টেশন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

১১. শ্রেণি সংরক্ষণ:

১১.১ দফা ৫.২ এ বর্ণিত সূচকসমূহ বিবেচনায় নিম্ন শ্রেণির জন্য বিবেচ্য কোন বিদ্যমান ফায়ার স্টেশন বর্তমানে উচ্চ শ্রেণিভুক্ত থাকিলে তাহার শ্রেণি অবনমনযোগ্য হইবে না।

১২. এখতিয়ার সংরক্ষণ:

১২.১ সরকার এই নীতিমালা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করিবে এবং সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### "এ" শ্রেণির ফায়ার স্টেশনের জনবল

| ক্র: | ন্যূনতম পদসংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | পদের নাম | স্টেশনের জনবল | অ্যাম্বুলেন্স সার্ভিস থাকিলে অতিরিক্ত জনবল | মোট জনবল (অ্যাম্বুলেন্স সার্ভিসসহ) |
| ১. | সিনিয়র স্টেশন অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ২. | স্টেশন অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ৩. | লিডার | ০৩ জন | ০১ জন | ০৪ জন |
| ৪. | ড্রাইভার | ০৫ জন | ০১ জন | ০৬ জন |
| ৫. | ফায়ারফাইটার | ২২ জন | ০১ জন | ২৩ জন |
| ৬. | নার্সিং এ্যাটেনডেন্ট | - | ০১ জন | ০১ জন |
| ৭. | বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৮. | সহকারী বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৯. | পরিচ্ছন্নতাকর্মী | ০১ জন | - | ০১ জন |
| | **সর্বমোট =** | **৩৫ জন** | ০৪ জন | **৩৯ জন** |

### "বি" শ্রেণির ফায়ার স্টেশনের জনবল

| ক্র: | ন্যূনতম পদসংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | পদের নাম | স্টেশনের জনবল | অ্যাম্বুলেন্স সার্ভিস থাকিলে অতিরিক্ত জনবল | মোট জনবল (অ্যাম্বুলেন্স সার্ভিসসহ) |
| ১. | স্টেশন অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ২. | সাব অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ৩. | লিডার | ০২ জন | ০১ জন | ০৩ জন |
| ৪. | ড্রাইভার | ০৪ জন | ০১ জন | ০৫ জন |
| ৫. | ফায়ারফাইটার | ১৬ জন | ০১ জন | ১৭ জন |
| ৬. | নার্সিং এ্যাটেনডেন্ট | - | ০১ জন | ০১ জন |
| ৭. | বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৮. | সহকারী বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৯ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ জন | - | ০১ জন |
| | **সর্বমোট =** | **২৭ জন** | **০৪ জন** | **৩১ জন** |

### "স্থল কাম নদী" শ্রেণির ফায়ার স্টেশনের জনবল

| ক্র: | ন্যূনতম পদসংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | পদের নাম | স্টেশনের জনবল | স্পীডবোট অ্যাম্বুলেন্স সার্ভিস থাকিলে অতিরিক্ত জনবল | মোট জনবল (অ্যাম্বুলেন্স সার্ভিসসহ) |
| ১. | স্টেশন অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ২. | সাব-অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ৩. | লিডার | ০২ জন | ০১ জন | ০৩ জন |
| ৪. | ড্রাইভার | ০২ জন | - | ০২ জন |
| ৫. | মাস্টার ড্রাইভার | ০২ জন | - | ০২ জন |
| ৬. | ইঞ্জিন ড্রাইভার | ০২ জন | - | ০২ জন |
| ৭. | স্পিডবোট ড্রাইভার | ০২ জন | ০১ জন | ০৩ জন |

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

| ক্র: | ন্যূনতম পদসংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | পদের নাম | স্টেশনের জনবল | স্পীডবোট অ্যাম্বুলেন্স সার্ভিস থাকিলে অতিরিক্ত জনবল | মোট জনবল (অ্যাম্বুলেন্স সার্ভিসসহ) |
| ৮. | ফায়ারফাইটার | ১৬ জন | ০১ জন | ১৭ জন |
| ৯. | নার্সিং এ্যাটেনডেন্ট | - | ০১ জন | ০১ জন |
| ১০. | ডুবুরি | ০৬ জন | - | ০৬ জন |
| ১১. | বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ১২. | সহকারী বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ১৩. | পরিচ্ছন্নতাকর্মী | ০১ জন | - | ০১ জন |
| | **সর্বমোট =** | **৩৭জন** | **০৪ জন** | **৪১ জন** |

**"বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশনের প্রস্তাবিত জনবল**

| ক্র: | ন্যূনতম পদসংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | পদের নাম | স্টেশনের জনবল | স্পীডবোট/ অ্যাম্বুলেন্স সার্ভিস থাকিলে অতিরিক্ত জনবল | মোট জনবল (অ্যাম্বুলেন্স সার্ভিসসহ) |
| ১. | সিনিয়র স্টেশন অফিসার | ০১ জন | - | ০১ জন |
| ২. | স্টেশন অফিসার | ০২জন | - | ০২জন |
| ৩. | লিডার | ০৬ জন | ০১ জন | ০৭ জন |
| ৪. | ড্রাইভার | ১০ জন | ০১ জন | ১১ জন |
| ৫. | ফায়ারফাইটার | ৩০ জন | ০১ জন | ৩১ জন |
| ৬. | নার্সিং এ্যাটেনডেন্ট | - | ০১ জন | ০১ জন |
| ৭. | বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৮. | সহকারী বাবুর্চি | ০১ জন | - | ০১ জন |
| ৯. | পরিচ্ছন্নতাকর্মী | ০১ জন | - | ০১ জন |
| | **সর্বমোট =** | **৫২ জন** | **০৪ জন** | **৫৬ জন** |

১৮/০৮/২০২১

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তফসিল-২

## "এ" শ্রেণির ফায়ার স্টেশনের সাজসরঞ্জাম

| ক্র: | ন্যূনতম সাজসরঞ্জাম | |
|---|---|---|
| | সাজসরঞ্জামের নাম | সংখ্যা |
| ১. | পানিবাহি গাড়ি | ১টি |
| ২. | টোয়িং ভিহিক্যাল (পিক আপ টাইপ) | ১টি |
| ৩. | টোয়িং ভিহিক্যাল (ক্যাব টাইপ) | ১টি |
| ৪. | পোর্টেবল পাম্প | ৩টি |
| ৫. | অ্যাম্বুলেন্স | ১টি |
| ৬. | ডেলিভারি হোজ উইথ কপলিং | ১০০টি |
| ৭. | অন্যান্য সরঞ্জাম | ২ সেট |

## "বি" শ্রেণির ফায়ার স্টেশনের সাজসরঞ্জাম

| ক্র: | ন্যূনতম সাজসরঞ্জাম | |
|---|---|---|
| | সাজসরঞ্জামের নাম | সংখ্যা |
| ১. | পানিবাহি গাড়ি | ১ টি |
| ২. | টোয়িং ভিহিক্যাল (পিক আপ টাইপ) | ১ টি |
| ৩. | পোর্টেবল পাম্প | ২টি |
| ৪. | অ্যাম্বুলেন্স | ১ টি |
| ৫. | ডেলিভারি হোজ উইথ কপলিং | ৪০ টি |
| ৬. | অন্যান্য সরঞ্জাম | ২ সেট |

## "স্থল কাম নদী" শ্রেণির ফায়ার স্টেশনের সাজসরঞ্জাম

| ক্র: | ন্যূনতম সাজ সরঞ্জাম | |
|---|---|---|
| | সাজসরঞ্জামের নাম | সংখ্যা |
| ১. | পানিবাহি গাড়ি | ১টি |
| ২. | টোয়িং ভিহিক্যাল | ১টি |
| ৩. | অ্যাম্বুলেন্স | ১টি |
| ৩. | পোর্টেবল পাম্প | ২টি |
| ৪. | ডেলিভারি হোজ উইথ কপলিং | ৪০টি |
| ৫. | ফায়ার ফ্লোট | ১টি |
| ৬. | পন্টুন ও জেটি | ১ সেট |
| ৭. | অন্যান্য সরঞ্জাম | ২ সেট |

## "বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশনের সাজসরঞ্জাম

| ক্র: | ন্যূনতম সাজসরঞ্জাম | |
|---|---|---|
| | সাজসরঞ্জামের নাম | সংখ্যা |
| ১. | টার্নটেবল লেডার | ১ টি |
| ২. | বিশেষ পানিবাহী গাড়ি- | ১ টি |
| ৩. | পানিবাহি গাড়ি | ১ টি |
| ৪. | টোয়িং ভিহিক্যাল (পিক আপ টাইপ) | ১ টি |
| ৫. | টোয়িং ভিহিক্যাল (ক্যাব টাইপ) | ১ টি |
| ৬. | অ্যাম্বুলেন্স | ১ টি |
| ৭. | পোর্টেবল পাম্প | ৪ টি |
| ৮. | ডেলিভারি হোজ উইথ কপলিং | ১০০ টি |
| ৯. | অন্যান্য সরঞ্জাম | ২ সেট |

২১/১১/২০২১

জাহিদুল ইসলাম
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তফসিল-৩

**প্রস্তাবিত ফায়ার স্টেশনের শ্রেণিভিত্তিক ন্যূনতম ভূমির পরিমাণ:**

| ক্র:নং | ফায়ার স্টেশনের শ্রেণি | প্রস্তাবিত জমির পরিমাণ |
|---|---|---|
| ১ | '' এ" শ্রেণি'র ফায়ার স্টেশন | ১.০০ একর |
| ২ | '' বি" শ্রেণি'র ফায়ার স্টেশন | ০.৮০ একর |
| ৩ | "স্থল-কাম-নদী" শ্রেণির ফায়ার স্টেশন | ০.৮০ একর |
| ৪ | "বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশন | ১.৫০ একর |

তফসিল-৪

প্রস্তাবিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের ভৌত অবকাঠামোর শ্রেণিভিত্তিক পরিমাণ:

| স্টেশনের শ্রেণি | শ্রেণিভিত্তিক ন্যূনতম প্লিন্থ এরিয়া |
|---|---|
| (১) "এ" শ্রেণি'র ফায়ার স্টেশন | ৫৫০০ ব.ফু. |
| (২) "বি" শ্রেণি'র ফায়ার স্টেশন | ৪০০০ ব.ফু. |
| (৩) "স্থল-কাম-নদী" শ্রেণির ফায়ার স্টেশন | ৪০০০ ব.ফু. |
| (৪) "বিশেষ" শ্রেণির ফায়ার স্টেশন | ৭৫০০ ব.ফু. |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালা জারি করা হইল।

২২/১১/২০২১

(জাহিদুল ইসলাম)
উপসচিব
অগ্নি-২ শাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
৩। সিনিয়র সচিব/সচিব.............................. মন্ত্রণালয়/বিভাগ (সকল);
৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।